**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 18-06-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## CM-Town Hall :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সমাজের অগ্রগতির জন্য ছাত্রছাত্রীদের মেধা ও জ্ঞান সঠিকভাবে প্রয়োগ করতে হবে। গতকাল আগরতলা টাউন হলে বিজেপি-র বড়দোয়ালি মন্ডল আয়োজিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের কৃতি সম্বর্ধনা অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, বর্তমান রাজ্য সরকার ছাত্রছাত্রীদের মেধার বিকাশে বহু প্রকল্প চালু করেছে। যার মধ্যে রয়েছে সুপার থারটি প্রকল্প, মুখ্যমন্ত্রী মেধা পুরস্কার, টেলেন্ট সার্চ এক্সাম, বিদ্যাজ্যোতি প্রকল্প, সাইকেল ও স্কুটি বিতরণ ইত্যাদি। তিনি বলেন মেয়েদের আত্মনির্ভর করতে সরকার মুখ্যমন্ত্রী কন্যা আত্মনির্ভর যোজনা চালু করেছে।

********************

## PM-G7 Summit :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কানাডার কানানাস্কিসে জি-7 শীর্ষ সম্মেলনে অংশ নিয়ে বর্তমানে দু'দিনের কানাডা সফরে রয়েছেন|এই সম্মেলনের পাশাপাশি প্রধানমন্ত্রী শ্রী মোদী কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নে-র সাথে দ্বিপাক্ষিক বৈঠকে অংশ নেন| শ্রীমোদী বলেছেন দুই দেশের সম্পর্ক খুবই গুরুত্বপূর্ণ এবং এ দুটি দেশকে গনতন্ত্র ও মানবিক মূল্যবোধ শক্তিশালী করতে কাজ করে যেতে হবে| জি-7 শীর্ষ সম্মেলনের পাশাপাশি প্রধানমন্ত্রী ইতোমধ্যে জাপান, দক্ষিন আফ্রিকা, অস্ট্রেলিয়া, ইতালি ও ব্রাজিল-এর রাষ্ট্র প্রধানদের সাথেও মত বিনিময় করেছেন|

*********************

## Transport Minister :

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, আগরতলা পুর এলাকায় যানজট এড়াতে সড়ক পরিবহন দপ্তর কিছু পদক্ষেপ গ্রহন করছে। গতকাল সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে তিনি আরো জানান, আগরতলার পুর নিগম এলাকায় চলাচলকারী অটোরিক্সাগুলোকে আলাদাভাবে চিহ্নিত করতে এখন থেকে অটোরিক্সার সামনের অংশে গোলাপি রঙ করা হবে। আগরতলা পুর এলাকার বাইরের পারমিটের অটোরিক্সাগুলোর যে রঙ রয়েছে তাই থাকবে। পরিবহনমন্ত্রী বলেন, আগরতলা পুর এলাকার পারমিটের অটোরিক্সাগুলো যেমন যাত্রী নিয়ে নির্ধারিত রুটের বাইরে চলাচল করতে পারবে না তেমনি পুর নিগম এলাকার বাইরের পারমিটের অটোরিক্সা আগরতলা শহরে যাত্রী নিয়ে চলাচল করতে পারবে না।

*********************

## Yoga Bandhan programme in New Delhi :

আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষ্যে গতকাল নয়াদিল্লির মোরারজি দেশাই জাতীয় যোগ প্রতিষ্ঠানের উদ্যোগে এক যোগ বন্ধন কর্মসূচি আয়োজিত হয়| ডেনমার্ক, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, দক্ষিণ কোরিয়া, আর্জেন্টিনার মত বিভিন্ন দেশের প্রতিনিধিরা এতে অংশ নেন| চলতি বছরের বিশ্ব যোগ দিবস উপলক্ষে নেওয়া দশটি ভিন্নমাত্রার তাৎপর্যপূর্ণ কর্মসূচির অন্যতম এই আয়োজন|

********************

## Cargo Terminal Inaugurai :

রেলমন্ত্রী ডক্টর অশ্বিনী বৈষ্ণো গতকাল হরিয়াণার মানেসরে ভারতের বৃহত্তম গতিশক্তি মাল্টি মোডাল কার্গো টার্মিনালের উদ্বোধন করেছেন। পঁয়তাল্লিশ

একর জায়গা জুড়ে গড়ে ওঠা এই কার্গো টার্মিনাল ৪ লক্ষ ৫০ হাজার যানবাহন পরিবহনে সক্ষম। তিনি জানান এরকম ১০৮টি মাল্টিমোডাল কার্গো পরিষেবার জন্য প্রস্তুত। রেল পরিকাঠামোর ক্ষেত্রে বিগত ১১ বছরে বিভিন্ন তাৎপর্যপূর্ণ সংস্কারের বিষয়েও রেলমন্ত্রী আলোকপাত করেন।

*********************

**International Yoga Day-Press Meet :**

সারা দেশের সঙ্গে রাজ্যেও আগামী ২১শে জুন আন্তর্জাতিক যোগ দিবস পালিত হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ঐদিন সকাল ৭টায় আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে অনুষ্ঠানের উদ্বোধন করবেন। এছাড়া, ২১শে জুন সারা রাজ্যের প্রতিটি জেলা এবং ব্লকে আন্তর্জাতিক যোগ দিবস পালনের উদ্যোগ নেওয়া হয়েছে। এই উপলক্ষে ২০শে জুন আয়োজিত হবে স্বচ্ছ ভারত অভিযান। এবছরের আন্তর্জাতিক যোগ দিবসে ভাবনা হল ‘এক পৃথিবী, এক স্বাস্থ্যের জন্য যোগ’।

**********************

**Mango Festival :**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মা গতকাল আগরতলা চিলড্রেন্স পার্কে নাবার্ডের সহযোগিতায় ও ভলানটারি হেলথ এসোসিয়েশন অফ ত্রিপুরার উদ্যোগে দুদিনব্যাপী আম ও আনারস উৎসব এর উদ্বোধন করেন। মন্ত্রী বলেন এই ধরনের উদ্যোগ স্থানীয় উৎপাদনের প্রচার, স্বাস্থ্যকর খাদ্যাভ্যাসকে উৎসাহিত করবে|

*********************

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ছিল ১৯.৯ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি।

**********************

***************